

WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General PART-III Examination, 2016

বাংলা - সাধারন

চতুর্থ পত্র

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণ মান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন। প্রশ্নে একাধিক অংশ থাকিলে প্রত্যেক অংশ আলদা অনুচ্ছেদে লিখিতে হইবে।

- যে-কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখো: Climax, •Contrast, Dirge, Elegy, Euphemism, Eclogue, Formalism, Imagism, Imitation, Maxim, Ode, Personification, Prologue, Prototype, Saga, Sarcasm, Subtext.
- ২। যে-কোনো একটি বিষয় নিয়ে অন্ধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা ১৫ করো:
 - (क) বৃষ্টির জল সংরক্ষণ ও পরিবেশ সচেতনতা।
 - (খ) বয়স্ক নাগরিক ও শিক্ষার্থী সমাজ।
 - (গ) ইন্টারনেট ও ছাত্রসমাজ।

অথবা

Turn Over

B.A./Part -III/Gen/BNGG-IV/2016



যে-কোনো একটি বিষয় নিয়ে অন্ধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো।

30

- (ক) বাংলা ম্যাগাজিন ও সাধারণ পাঠক।
- (খ) বাংলা ছোটগল্প।
- (গ) বাংলা ভ্রমণ সাহিত্য।
- ৩। যে-কোনো *দুটির* উদাহরণসহ সংজ্ঞা লেখো: অন্তস্তরাগম, সমাক্ষরলোপ, বিপর্যাস, রকারীভবন, অপভাষা।

6×3 = 50

8। নিম্নলিখিত অংশটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার ২০×০.৫=১০ করে লিপ্যন্তর করো:

সারাদিন গুমোটের পর হঠাৎ একচিলতে ঠাণ্ডা হাওয়া উঠল। গা জুড়িয়ে এল, কিন্তু প্রাণে জাগছে আতঙ্ক। সময়টা খারাপ, চৈত্রের শেষ। ঈশান কোণে মেঘ জমেছে, তার কালো ছায়া আধখানা আকাশকে যেন ঘোমটা পরিয়ে দিল। যেন একটা দুরন্ত দৈত্য হঠাৎ পৃথিবীর ওপর ঝাঁপিয়ে পড়বার আগের মুহূর্তে পয়তাড়া কষছে।

মাঠে ঘাটে পথে পুকুরের যে যেখানে বাইরে ছিল, তারা ঘন ঘন আকাশের দিকে তাকাতে তাকাতে হাতের কাজ চটপট সারতে শুরু করল।

৫। যথেচ্ছ প্লাসটিকের ব্যবহার পরিবেশের পক্ষে ক্ষতিকারক –এ বিষয়ে একজন খ্যাতনামা পরিবেশবিদের সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার রচনা করো।

50

অথবা

অত্যধিক মূল্যবৃদ্ধিতে জনজীবন বিপর্যস্ত- এ বিষয়ে সংবাদপত্তে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

30

৬। তোমাদের সংঘের বার্ষিক ক্রীড়াপ্রতিযোগিতার জন্য স্থানীয় বিদ্যালয়ের মাঠ ব্যবহারের অনুমতি প্রার্থনা করে স্কুলের প্রধান শিক্ষক মহাশয়ের নিকট একটি পত্র রচনা করো।

30

অথবা

সরকারের 'বেটি বাঁচাও, বেটি পড়াও' প্রকল্পের জন্য জনস্বার্থমূলক একটি বিজ্ঞাপন রচনা করো।

20

A./Part -III/Gen/BNGG-IV/2016



৭। নিম্নলিখিত যে-কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করো:

50

It was a hot summer day. A youth hired a horse for his whole journey from one place to another far-off place. During midday it was scorching heat and the youth was affected painfully by it. He then dismounted from the horse's back to rest himself in the shadow of the horse. Thereafter, the driver also come down and started quarrelling with the youth declaring that he had the equal right to rest in the horse's shadow. Because the horse belonged to him.

অথবা

'Oh! How nice to see you', said the mouse to his cousin brother who lived in a city. The city mouse said, 'yes, I came here because I thought I should come and meet you. Nothing seems to have changed here. It is still so boring'. 'You wash up and I will cook dinner', said the country mouse. When the city mouse was ready, the village mouse served dinner. He had cooked root and wheat. The city mouse said, 'Oh! Is that all you eat? How can I eat such simple things?'

৮। (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য) নীচের বানানগুলি সংশোধন করো:

3×50

শান্তনা, মুখন্ত, ভূগল, কবিসত্বা, পরিসেবা, শংকর শব্দ, দুর্নিতী, পরিভাশা, মূল্যায়ণ, প্রতিযোগীতা।

অথবা

B.A./Part -III/Gen/BNGG-IV/2016



B.A./Part -III/Gen/BNGG-IV/2016



৮। বিষয়...... ২০×০.৫=১০

নিম্নলিখিত মূল কপিটি দেখে এবং প্রুফ সংশোধনের যথাযথ চিহ্ন ও পদ্ধতি ব্যবহার করে প্রুফ কপিটি সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে)। মূল কপি এবং সংশোধিত প্রুফ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। বিষয় এবং পত্র যথাস্থানে লিখতে হবে। (কম করে ২০ টি বানান সংশোধন সঠিক হতে হবে)।

মূল কপি

হিংস্র রাত্রি আসে চুপে চুপেগতবল শরীরের শিথিল অর্গল ভেঙে দিয়ে
অন্তরে প্রবেশ করে,
হরণ করিতে থাকে জীবনের গৌরবের রূপ
কালিমার আক্রমণে হার মানে মন।
এ পরাভবের লজ্জা এ অবসাদের অপমান
যখন ঘনিয়ে ওঠে, সহসা দিগন্তে দেখা দেয়
দিনের পতাকাখানি স্বর্ণ কিরণের-রেখা-আঁকা.

প্রফ কপি

হিংস্র রাত আসে চুপিচুপে
গতোবল শরিরের শিথিল অর্গান ভেঙে দিয়েঅন্ত রে প্রবেস ক'রে,
হরন করতে থাকে জীবনেরে গোরবের রুপ।
কালীমার আক্রমণে হার মানে মন
এ পরাভব লজ্জা এ অবস্বাদের অপমান যখন
ঘনিয়ে ওঠে, সহসা দিগন্তে দেখা দেয়
দিনের পকাকাখানি স্বর্ণকিরণের-রেখা-আঁকা,